

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ০৪/১০/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো
যাচ্ছে যে, আগামী ০৭/১০/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত
হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

গফরগাঁও, ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। উপজেলা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি : ১ জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : ১ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১০/১০/২০২১ খ্রিঃ,

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব গফরগাঁও উপজেলায় স্বাস্থ্য সেবা কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---------|--|--|
| ১ | <p>সভাপতি জানান যে, এ বছর দেশের তাপমাত্রা অতিক্রিক্তভাবে বৃদ্ধি পাওয়ায় গরমের কারনে গ্রামীণ এলাকায় শিশুদের অনেক সমস্যা হচ্ছে পাশ্চাপাশি গরমের কারনে নানান রোগের আক্রান্ত হয়ে সাধারণ মানুষ হাসপাতালে আসছে চিকিৎসা সেবা নেয়ার জন্য। তাই হাসপাতাল হতে যেনো সাধারণ মানুষ যথাযথভাবে চিকিৎসা সেবা পায় সে দিকে সকলকে বিশেষ দৃষ্টি দিতে হবে।</p> <p>সভায় বিশেষ গুরুত্বের সাথে আলোচনা হয় যে, বর্তমান বছরে বৈশ্বিক মহামারী করোনার প্রভাবে সারা দেশের মানুষের জীবনযাত্রা ঝুঁঁটি হয়ে পরেছে। উপজেলার সর্বজনের মানুষ করোনা সংক্রমনে আক্রান্ত হওয়ার জন্য ভীত সন্ত্রিষ্ট। সম্মিলিতভাবে করোনা'কে মোকাবেলা করা, করোনা হতে নিজেদের মুক্ত রাখার জন্য কর্মীয় নির্ধারণ ইত্যাদি বিষয়ে উপজেলার স্বাস্থ্য কর্মীদের যদি প্রশিক্ষণ প্রদান করা যায় তাহলে উপজেলার সাধারণ মানুষকে করোনা মোকাবেলা সার্বিক সেবা প্রদান করা যাবে বলে উপস্থিত সকলে তাদের গুরুত্বপূর্ণ মতান্তর পেশ করেন।</p> <p>সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান নিরাপদ মাত্র ও নবজাতকের অত্যাবশ্যকীয় সেবাসহ মায়েদের স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে সচেতনতার অভাবে উপজেলায় নিরাপদ মাত্র ও নবজাতকের পরিচর্যা যথাযথভাবে হচ্ছেনা ফলে মা ও নবজাতকের সংক্রমনের হার বৃদ্ধি পাচ্ছে। এস্ক্রিপ্ট বিষয়ে তহবিল সংকটের কারনে সংশ্লিষ্ট মাঠ কর্মীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা যাচ্ছে না।</p> <p>উপজেলা স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন স্বাস্থ্য সেবা কেন্দ্র সমূহে সাধারণ মানুষকে তাদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে যেনো সকলে সরকারী নীতিমালা ও দায়দায়িত্ব যথাযথভাবে পালন করেন তার জন্য সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকলের প্রতি উদ্বান্ত আহবান জানানো হয়।</p> | <p>সভায় বিস্তারিত আলোচনাতে এই সভার মাধ্যমে সিদ্ধান্ত হয় যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের সহায়তায় করোনা মোকাবেলায় উপজেলার স্বাস্থ্য কর্মীদের করোনা কলীন সময়ে স্বাস্থ্যকর্মী ও শ্বাসীয় জনগণের কর্মীয় বিষয়ক প্রশিক্ষণ প্রশিক্ষন ও উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ কর্মীদের নিরাপদ মাত্র ও নবজাতকের অত্যাবশ্যকীয় সেবা বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত দুইটি উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রস্তাৱ আকারে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট দাখিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবহাৰ এহণ কৰতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা ঔফিসারকে যথাযথ ব্যবহাৰ এহণ কৰতে অনুৰোধ জানানো হয়।</p> |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

গফরগাঁও, ময়মনসিংহ।

তারিখ: ০৭/১০/২০২১ খ্রিঃ।

স্মারক নং-৪৬.৪৫.৬১২৩.০০১.০০২.২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

উপজেলা স্বাস্থ্য কমিশনার

গফরগাঁও, ময়মনসিংহ।